কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট
মানিক মিয়া এভিনিউ, ঢাকা-১২০৭

ফোন : ৯১১০৯৫৩
৮১২১৯৩১-২
ফ্যাক্স : ৯১১৮৪১৫
ইমেইল : bjriinfo@yahoo.com

স্মারক নং-১২.২৩.২৬৮০.০০৪.১১.০৪৫.১৪/৬৬৬৫ তারিখ- ০২/২/২০১৬

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট এর রাজস্ব খাতভুক্ত নিম্নোক্ত স্থায়ী/অস্থায়ী শূন্য পদসমূহে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য প্রয়োজনীয় যোগ্যতা সম্পন্ন আগ্রহী বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে আবেদনের মডেল ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে ঃ-

নং	পদের নাম	পদসংখ্যা	জাতীয় বেতন স্কেল ২০১৫ ও গ্রেড	বয়স	প্রয়োজনীয় যোগ্যতা
১।	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	১৮টি (কৃষি উইং-০২টি) (কারিগরী উইং-১৬টি)	৩৫৫০০-৬৭০১০/- গ্রেড-৬	সর্বনিম্ন ৩৫ বৎসর	সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি-সহ ২ বৎসরের অভিজ্ঞতা, অথবা বিএসসি (কৃষি)/বিএসসি (টেক)/এমএস/এমএসসি-সহ ৫ বৎসরের অভিজ্ঞতা। ৩টি মৌলিক গবেষণা প্রবন্ধের প্রকাশনা অগ্রাধিকারযোগ্য।
২।	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (এসএসও) কেমিক্যাল প্রসেসিং সেকশন	০১টি	৩৫৫০০-৬৭০১০/- গ্রেড-৬	অন্যূন ৩৫ বৎসর	(ক) ০৪ (চার) বৎসর মেয়াদী বিএসসি ইন টেক্সটাইল টেকনোলজী ডিগ্রীসহ ১ম শ্রেণীর পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা; অথবা (খ) রসায়ন/ফলিত রসায়ন/পদার্থ বিজ্ঞান বিষয়ে অন্যূন ২য় শ্রেণীর স্নাতক (সম্মান) সহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ম শ্রেণীর পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা; অথবা (গ) ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ম শ্রেণীর পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা; অথবা (ঘ) সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রীসহ অন্যূন ০২ (দুই) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা; (ঙ) সকল পরীক্ষায় অন্যূন ২য় বিভাগ/শ্রেণী থাকিতে হইবে; এবং (চ) স্বীকৃত দেশীয় বা বিদেশী বৈজ্ঞানিক জার্নালে সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ০৩ (তিন) টি পূর্ণমানের গবেষণা প্রকাশনা থাকিতে হইবে।
৩।	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (এসএসও) নন-ট্রেডিশনাল নিউ প্রোডাক্টস ডিজাইন এন্ড মেনুফেকচারিং সেকশন	০১টি	৩৫৫০০-৬৭০১০/- গ্রেড-৬	অন্যূন ৩৫ বৎসর	(ক) ০৪ (চার) বৎসর মেয়াদী বিএসসি ইন টেক্সটাইল টেকনোলজী ডিগ্রীসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ম শ্রেণীর পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা; অথবা (খ) রসায়ন/ফলিত রসায়ন/পদার্থ বিজ্ঞান বিষয়ে অন্যূন ২য় শ্রেণীর স্নাতক (সম্মান) সহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ম শ্রেণীর পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা; অথবা (গ) ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ম শ্রেণীর পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা; অথবা (ঘ) সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রীসহ অন্যূন ০২ (দুই) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা; (ঙ) সকল পরীক্ষায় অন্যূন ২য় বিভাগ/শ্রেণী থাকিতে হইবে; এবং (চ) স্বীকৃত দেশীয় বা বিদেশী বৈজ্ঞানিক জার্নালে সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ০৩ (তিন) টি পূর্ণমানের গবেষণা প্রকাশনা থাকিতে হইবে।
৪।	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (এসএসও) মার্কেটিং প্রমোশন এন্ড টেকনোলজি ট্রান্সফার সেকশন	০১টি	৩৫৫০০-৬৭০১০/- গ্রেড-৬	অন্যূন ৩৫ বৎসর	(ক) ০৪ (চার) বৎসর মেয়াদী বিএসসি ইন টেক্সটাইল টেকনোলজী ডিগ্রীসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ম শ্রেণীর পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা; অথবা (খ) মার্কেটিং/বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন/অর্থনীতি বিষয়ে অন্যূন ২য় শ্রেণীর স্নাতক (সম্মান) সহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ম শ্রেণীর পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা; অথবা (গ) ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ম শ্রেণীর পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা; অথবা (ঘ) সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রীসহ অন্যূন ০২ (দুই) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা; (ঙ) সকল পরীক্ষায় অন্যূন ২য় বিভাগ/শ্রেণী থাকিতে হইবে; এবং (চ) সংশ্লিষ্ট বিষয়ে ৩টি গবেষণা প্রকাশনা থাকিতে হইবে।
৫।	বৈজ্ঞানিক কর্মকর্তা	১৫ টি (কৃষি উইং-১৪টি) (কারিগরী উইং-০১টি)	২২০০০-৫৩০৬০/- গ্রেড-৯	সর্বোচ্চ ৩০ বৎসর	বিএসসি (কৃষি)/বিএসসি (টেক)/এমএস /এমএসসি এবং সকল পর্যায়ে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণীর বাস্তব অভিজ্ঞতাসহ প্রার্থী অগ্রাধিকারযোগ্য।
৬।	বৈজ্ঞানিক সহকারী	০১টি	১১০০০-২৬৫৯০/- গ্রেড-১৩	সর্বোচ্চ ৩০ বৎসর	কমপক্ষে ২য় বিভাগে বিএসসি পাস/ বয়ন প্রকৌশলীতে ডিপ্লোমা/ প্রকৌশলীতে ডিপ্লোমা/দুই বৎসরের অভিজ্ঞতাসহ বয়ন কোর্সে সার্টিফিকেট ধারী।
৭।	বীজ পরীক্ষক	০১টি	৯৭০০-২৩৪৯০/- গ্রেড-১৫	সর্বোচ্চ ৩০ বৎসর	কৃষি ডিপ্লোমা/কৃষি সনদ/এইচএসসি (কৃষি)।

(চলমান পাতা-২)

নং	পদের নাম	পদসংখ্যা	জাতীয় বেতন স্কেল ২০১৫ ও গ্রেড	বয়স	প্রয়োজনীয় যোগ্যতা
৮।	টেলিফোন অপারেটর	০১টি	৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬	সর্বোচ্চ ৩০ বৎসর	এইচএসসি পাস। অভিজ্ঞতাসহ প্রার্থী অগ্রাধিকারযোগ্য।
৯।	ট্রাক চালক/ট্রাক্টর চালক/গাড়ী চালক	০২টি	৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬	সর্বোচ্চ ৩০ বৎসর	যানবাহন চালনায় ৫ বৎসরের অভিজ্ঞতাসহ ৮ম শ্রেণী পাস। হালকা/ভারী যানবাহন চালনার লাইসেন্স থাকতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)।
১০।	উইভার	০১টি	৮৮০০-২১৩১০/- গ্রেড-১৮	সর্বোচ্চ ৩০ বৎসর	স্বীকৃত কোন প্রতিষ্ঠান বা ইনস্টিটিউট হইতে ট্রেড কোর্স সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ; তবে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।
১১।	মিল হেলপার	০১টি	৮২৫০-২০০১০/- গ্রেড-২০	সর্বোচ্চ ৩০ বৎসর	বাস্তব অভিজ্ঞতাসহ ৫ম শ্রেণী পাস।
১২।	অফিস সহায়ক	০২টি	৮২৫০-২০০১০/- গ্রেড-২০	সর্বোচ্চ ৩০ বৎসর	বাস্তব অভিজ্ঞতাসহ ৫ম শ্রেণী পাস।
১৩।	নিরাপত্তা প্রহরী	০৩টি	৮২৫০-২০০১০/- গ্রেড-২০	সর্বোচ্চ ৩০ বৎসর	বাস্তব অভিজ্ঞতাসহ ৫ম শ্রেণী পাস।

শর্তাবলীঃ

১। প্রার্থীদেরকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখার ২৯-১২-২০১৪ তারিখের ০৫.১১০.০০০.০০.০০.০৮৯.১৪-০১ সংখ্যক স্মারকে প্রণীত আবেদনের মডেল ফরমে আবেদন করতে হবে। **আবেদনের মডেল ফরম জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব সাইট (http://www.mopa.gov.bd/uploads/2015/archive/forms/admin1-2015-01.PDF) এবং বিজেআরআই এর ওয়েব সাইট (www.bjri.gov.bd) এ পাওয়া যাবে।**

২। প্রার্থীর বয়সসীমা ২৫-০২-২০১৬ তারিখে ক্রমিক নং- ১ হতে ৪ পর্যন্ত সর্বনিম্ন ৩৫ বছর এবং ক্রমিক নং- ৫ হতে ১৩ পর্যন্ত সর্বোচ্চ ৩০ বছর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ৩২ বছর। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৩। মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে প্রার্থীকে নিম্নোক্ত ছক অনুযায়ী পুর্নাঙ্গ তথ্যাদি ও কাগজপত্র সংযুক্ত করতে হবে।

ক্রমিক নং	মুক্তিযোদ্ধার নাম	পিতার নাম	উপজেলা/ জেলার নাম	জাতীয় পরিচয় পত্র/জন্ম তারিখ	মুক্তিবার্তা নম্বর/ গেজেট নম্বর ও তারিখ	সনদ নম্বর, তারিখ ও স্মারক নম্বর	মন্তব্য
(০১)	(০২)	(০৩)	(০৪)	(০৫)	(০৬)	(০৭)	(০৮)

৪। মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে প্রার্থী মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান হলে প্রার্থীকে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র ও কন্যার পুত্র-কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদ আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৫। প্রাপ্ত সকল আবেদনপত্র পরীক্ষা এবং বাছাই এর পর কেবলমাত্র উপযুক্ত প্রার্থীদেরকে লিখিত এবং মৌখিক পরীক্ষার জন্য প্রবেশপত্র প্রেরণ করা হবে। আবেদনকারীগণকে লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৬। ক্রমিক নং- ১ হতে ৪ এর প্রার্থীদের NARS নীতিমালা/মানদন্ড অনুযায়ী মূল্যায়ন করা হবে। সে মোতাবেক সংস্থাপন শাখা, বিজেআরআই হতে নির্দিষ্ট মূল্যায়ন ফরম সংগ্রহপূর্বক ০৩ (তিন) প্রস্থ (সংযোজনীসহ) আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

৭। (ক) ক্রমিক নং-১ হতে ৫ এ বর্ণিত পদের জন্য আবেদনকারী'কে সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরৎযোগ্য) আবেদনপত্রের সঙ্গে দাখিল করতে হবে।

(খ) ক্রমিক নং ৬ হতে ৯ এ বর্ণিত পদের জন্য আবেদনকারীদের ১-৪৩০৫-৩২৫১-২০৩১ কোড নম্বরে ট্রেজারী চালানের মাধ্যমে ২০০/- (দুইশত) টাকা এবং ক্রমিক নং ১০ হতে ১৩ এ বর্ণিত পদের জন্য আবেদনকারীদের একই কোড নম্বরে ১০০/- (একশত) টাকা জমার মূল রশিদ আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

৮। আবেদনপত্রের খামের উপর পদের নাম, জেলা ও কোটা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। আবেদনপত্র **মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, মানিক মিয়া এভিনিউ, ঢাকা-১২০৭** বরাবর আগামী ২৫-০২-২০১৬ তারিখ বিকাল ০৫:০০ ঘটিকার মধ্যে অফিস চলাকালীন সময়ে পৌছাতে হবে। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্ব-শাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র পৌঁছাতে হবে। এক্ষেত্রে আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না। নির্ধারিত তারিখ ও সময়ের পর (ডাকযোগে বা সরাসরি) কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

৯। উল্লেখিত পদে নিয়োগের ক্ষেত্রে নিয়োগ সংক্রান্ত সরকারি যাবতীয় বিধি-বিধান/আদেশ/কোটা (মুক্তিযোদ্ধা, উপজাতি, প্রতিবন্ধী, অন্যান্য বিশেষ কোটা) এবং আনুষ্ঠানিকতা অনুসরণ করা হবে।

১০। (ক) আবেদনকারী যদি কোন তথ্য গোপন করেন এবং পরবর্তীতে তা সনাক্ত হয় সে ক্ষেত্রে আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে এবং তাঁর নিয়োগাদেশ বাতিল বলে গন্য হবে।

(খ) আবেদনকারীকে তার অর্জিত সঠিক শিক্ষাগত যোগ্যতা আবেদনপত্রে উল্লেখ করতে হবে; অর্জিত শিক্ষাগত যোগ্যতা গোপন রেখে পরবর্তীতে তা প্রকাশ করে পদোন্নতি বা অন্য কোন বৈধ সুযোগ দাবি করলে তা গ্রহণযোগ্য হবে না।

১১। কৃষি মন্ত্রণালয়ের ছাড়পত্র নং-১২.০০.০০০০.০৬৩.১১.০৪১.১৫-১৩, তারিখ-১১-০১-২০১৬ খ্রিঃ এর আলোকে অত্র নিয়োগ বিজ্ঞপ্তি প্রচার করা হলো।

১২। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে। বিজ্ঞাপনে প্রদত্ত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৩। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।

০২/০২/০১৬

(ড. মোঃ নাসিমুল গনি)
পরিচালক (প্রশাসন ও অর্থ)।